দর্শনায় ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনায় ফেনসিডিল সহ ঝাঁঝাডাঙ্গার ইমরানকে (২৪) গ্রেফতার করেছে পুলিশ। তাকে ২৮ বোতল ফেনসিডিল সহ দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে যাওয়ার পথিমধ্যে মীর্জা সুলতান রাজা সেতুর ফলকের সন্নিকট হতে তাকে গ্রেফতার করেন।

সে দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঁঝাডাঙ্গা গ্রামের মাদ্রাসা পাড়ার আব্দুল কুদ্দুসের ছেলে।

পুলিশ জানায়, গতকাল মঙ্গলবার দুপুর পৌনে ২টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহব্বুর রহমান কাজলের নেতৃত্বে থানার এসআই মাহমুদুল হাসান মিন্টু, এএসআই মামুনুর রহমান, এএসআই ইদ্রিস আলী, এএসআই শাহিন আলম সঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের যাওয়ার পথিমধ্য মাথাভাঙ্গা নদীর উপর অবস্থিত মীর্জা সুলতান রাজা সেতুর ফলকের সন্নিকটে।

এসময় দর্শনা অভিমুখে আসা এক ব্যাক্তির পথ গতিরোধ করে তাকে তল্লাসী চালিয়ে ওই ব্যাক্তির দখল হতে ২৮ বোতল ভারতীয় ফেনসিডিল সহ ইমরান আলী নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী সে দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঁঝাডাঙ্গা গ্রামের মাদ্রাসা পাড়ার আব্দুল কুদ্দুসের ছেলে ও এলাকার চিহিৃত মাদক ব্যবসায়ী।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদক আইনে মামলা দায়ের পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করেছে পুলিশ।

দর্শনায় ৪ কেজি গাঁজা সহ ৩ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪ কেজি গাঁজা সহ ২ জনকে গ্রেফতার করা হয়।

পুলিশ জানায় গত শুক্রবার রাত সাড়ে ১০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে এস আই মোঃ সাইফুল ইসলাম, এস আই খান আব্দুর রহমান, এ এস আই মোঃ মারুফ এবং সঙ্গীয় ফোর্স সহ দর্শনা থানাধীন মদনা পাঠানপাড়া গ্রামের মোঃ ইছাহক (ইশা) এর বসতবাড়ির উঠান হইতে ০৪ (চার) কেজি গাজা সহ ৩ জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন, চুয়াডাঙ্গার দর্শনা থানার মদনা(পাঠানপাড়া) মোঃ আশরাফ আলীর ছেলে মোঃ টগর আলী (১৯) ও একই গ্রামের মৃত রহমত উল্লাহর ছেলে মোঃ কিতাবুল (২৮)।

পুলিশ জানায় গ্রেফতার কৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

দর্শনা কেরু’জ নির্বাচন সম্পন্ন সভাপতি সবুজ, সাধারণ সম্পাদক মাসুদ

সকল জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরু’জ নির্বাচন শেষ হলো। গতকাল সোমবার সকাল ৯ ঘটিকা থেকে শুরু করে বিকাল ৪ ঘটিকা পয়ন্ত বিরতিহীন এবং সুষ্ঠু ভাবে কেরু’জ নির্বাচন শেষ হয়।
এই নির্বাচনে সভাপতি পদে ফিরোজ আহম্মেদ সবুজ হারিকেন প্রতীক নিয়ে জয়লাভ করেন এবং সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ

বাইসাইকেল প্রতীকে জয়লাভ করেন।
জানাগেছে, বিজয়ী সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ (হারিকেন) প্রতীক পেয়েছে ৫৭৩ ভোট ও তার নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী তৈয়ব আলী (চাঁদ তারা) প্রতীক পেয়েছে ৪৯৩ ভোট। বিজয়ী সাধারণ সম্পাদক পদে মাসুদুর রহমান মাসুদ (বাই সাইকেল) প্রতীক পেয়েছে ৫৭১ ভোট ও তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মনিরুল ইসলাম পিন্স (ছাতা) পেয়েছে ৪৯২ ভোট। বিজয়ী সহ-সভাপতি পদে মোস্তফিজুর রহমান (চেয়ার) প্রতীক পেয়েছে ৫০০ ভোট ও তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাবেক সহ-সভাপতি ফারুক আহম্মেদ (মোরগ) প্রতীক পেয়েছে ৩১৯ ভোট, এএস এম কবির (হাত পাখা) প্রতীক ২১৬ ভোট ও আবু সাইদ হাসান (মাছ) প্রতীক পেয়েছে ২৮ ভোট। বিজয়ী সহ-সাধারণ সম্পাদক পদে খবির উদ্দিন (কাপ পিরিচ) প্রতীক পেয়েছে ৪০৪ ভোট তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আকরাম আলী (কলস) প্রতীক পেয়েছে ৩৮৫ ভোট, ইসমাইল হোসেন (তালা চাবি) প্রতীক পেয়েছে ১৮২ ভোট ও একরামুল হক খলিল (ফুটবল) প্রতীক পেয়েছে ৯১ ভোট। ১ নং ওয়ার্ডে (প্রশাসন ও হিসাব বিভাগ) সদস্য পদে সালাহউদ্দীন (ডাব) প্রতিকে বিজয়ী হয়েছে ৫৩ ভোট তার নিকটতম প্রতিদ্বন্দ্বী পেয়েছে সেলিম খাঁন (বালতি) প্রতীক পেয়েছে ৪৪ ভোট। ২ নং ওয়ার্ডে (চোলাই কারখানা) সদস্য পদে বাবর আলী (বেলচা) প্রতীক ৮৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আমিনুল ইসলাম (ডাব) প্রতীক পেয়েছে ৬০ ভোট। ৩ নং ওয়ার্ডে (পরিবহন গ্যারেজ) সদস্য পদে শরিফুল ইসলাম-১ (টর্চ লাইট) প্রতীক ১১৯ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী শফিকুল ইসলাম (ডাব) প্রতীক ৫০ ভোট পেয়েছে। ৪ নং ওয়ার্ডে (ইক্ষু সংগ্রহ) সদস্য পদে মতিয়ার রহমান (ডাব) প্রতীক ৭৮ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ইয়ামিন হক (আখের আটি) সদস্য পদে প্রতীক পেয়েছে ৪৬ ভোট। ৫ নং ওয়ার্ডে (ইক্ষু উন্নয়ন) সদস্য পদে সাইফুদ্দিন (ডাব) প্রতীক ৬৭ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হারিজুল ইসলাম (আখের আটি) পেয়েছে ৩৮ ভোট। ৬ নং ওয়ার্ডে (উৎপাদন) সদস্য পদে হাফিজুর রহমান (বেলচা) প্রতীক ১৭৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মজিবর রহমান (ডাব) প্রতীক পেয়েছে ৭৮ ভোট। ৭ নং ওয়ার্ড (প্রকৌশল) সদস্য পদে মফিজুর রহমান (বেলচা) প্রতীক ১৪৯ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আজাদ আলী (হাতুড়ী) ৭৭ ভোট পেয়েছে।

দর্শনা প্রেস ক্লাবে ৩ সাংবাদিককে ফুলেল শুভেচ্ছা

দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে ৩ সাংবাদিককে ফুলেল শুভেচ্ছা দেয়া হয়েছে। গতকাল শুক্রবার সকাল ৯ টার দিকে দর্শনা প্রেস ক্লাবে ফুলেল শুভেচ্ছা দেয়া হয় জীবননগর পৌরসভায় ওয়ার্ড কাউন্সিলর নির্বাচিত হওয়ায় সাংবাদিক জামাল হোসেনকে, এশিয়ান টেলিভিশনের সেরা প্রতিবেদক হওয়ায় আজাদ হোসেনকে ও মাইটি’র জেলা প্রতিনিধি হিসেবে পুরস্কৃত হওয়ায় ইকরামুল হক পিপুলকে।
এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাধারণ সম্পাদক হারুন রাজু, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সহ-সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, প্রেস ক্লাবের সহসভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রনি, সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, সাংবাদিক এফএ আলমগীর, ইয়াসির আরাফাত মিলন, হাসমত আলী, আ. রহমান, জামান তারিক, জিল্লুর রহমান মধু, মুনজুরুল ইসলাম, মাসুম বিল্লাহ, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, সুকমল চন্দ্র দাস বাধন, সুজন মাহমুদ, আবির হাসান রিফাত, ফরহাদ হোসেন প্রমুখ।

দর্শনায় ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবীতে রাজপথে সাংবাদিকরা

সারাদেশে সাংবাদিক নির্যাতন ও হত্যার প্রতিবাদসহ ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবীতে রাজপথে নেমেছে সাংবাদিকরা। দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির যৌথ আয়োজনে করা হয়েছে বিক্ষোভ

ও মানববন্ধন কর্মসূচি।
এ কর্মসূচিতে অংশ নিয়েছে জেলার ৫ টি প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ। গতকাল শুক্রবার সকাল ১০ টার দিকে দর্শনা প্রেস ক্লাবের সামনের মহাসড়কে প্রায় দেড় ঘণ্টা ব্যাপি মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালিত হয়।
এ সময় সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করণ, হত্যা বন্ধ ও ডিজিটাল নিরাপত্তা আইন অবিলম্বে বাতিলের দাবী তুলে বক্তব্য দেন দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, জীবননগর সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক জামাল হোসেন, জীবননগর প্রেস ক্লাবের দপ্তর সম্পাদক শামসুল আলম চঞ্চল, সাবেক সাধারণ সম্পাদক আতিয়ার রহমান, হিজলগাড়ি প্রেস ক্লাবের সভাপতি আরিফ হাসান, সাধারণ সম্পাদক সেলিম রেজা, শামীম মিজি, সরোজগঞ্জ প্রেস ক্লাবের সাংগঠনিক সম্পাদক লাবলুর রহমান, প্রচার সম্পাদক ইকরামুল হক, হাসাদাহ প্রেস ক্লাবের সভাপতি ডিএম মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে আরো বক্তব্য দেন, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, মনিরুজ্জামান সুমন, ইয়াসির আরাফাত মিলন, সিনিয়র সাংবাদিক এফএ আলমীগর ও আজাদ হোসেন।
দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডলের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বর্তমান পরিষদের সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলা, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রনি, সাংবাদিক হাসমত আলী, আ. রহমান, জামান তারিক, জিল্লুর রহমান মধু, মুনজুরুল ইসলাম, মাসুম বিল্লাহ, আলমগীর, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, সুকমল চন্দ্র দাস বাধন, সুজন মাহমুদ, আবির হাসান রিফাত, ফরহাদ হোসেন, আফজাজুল হক, আলতাব হোসাইন, ইয়াছিন জুয়েল প্রমুখ।
আয়োজনের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক, হারুন রাজু। বিক্ষোভ সমাবেশে বক্তারা বলেন, ডিজিটাল নিরাপত্তা আইন সাংবাদিকদের স্বাধীনতার অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। এ আইন বলবৎ থাকলে দুর্নিতীবাজ ও অপরাধীরা সহজেই পার পেয়ে যাবে। সাংবাদিকরাই সকল অন্যায় ও দুর্নিতীর বিরুদ্ধে খুরধার লেখনীর মধ্য দিয়ে সমাজ তথা জাতীর সামনে তুলে ধরে। তাই এ কালো আইন অবিলম্বে বাতিল করতে হবে। সেই সাথে সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে সরকারকে। অহেতুক মিথ্যা অভিযোগ তুলে যে সকল সাংবাদিককে কারাবন্দি রাখা হয়েছে অবিলম্বে তাদের মুক্তি দিতে হবে। অন্যথায় রাজপথ ছাড়বেনা সাংবাদিকরা।

দর্শনায় ২০ কেজি গাঁজা সহ গ্রেফতার ২

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের কঠোর মাদকবিরোধী অভিযানে ২০ কেজি গাঁজা সহ ২ জনকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গতকাল বুধবার রাত সাড়ে ১০ টার সময় পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম এর দিক নির্দেশনায় দর্শনা থানার একটি চৌকস দল ছোটবলদিয়া এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। এ সময় ষাটখাল নামক পাকা রাস্তার উপর থেকে দুইজন মাদক ব্যাবসায়ীকে আটক করে। এ সময় গ্রেফতারকৃত আসামিদের কাছ থেকে ২০(বিশ) কেজি গাঁজা উদ্ধার করা হয়।

গ্রেফতার কৃত আসামিরা হলেন, বড়বলদিয়া গ্রামের বাজারপাড়ার মোঃ গোলাম রহমানের ছেলে মোঃ মজিবর রহমান (৩৮) ও মদনা গ্রামের পশ্চিমপাড়ার গুল মোহাম্মদের ছেলে মোঃ ইয়াছিন আলী (৩৬)

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে যার মামলা নাম্বার- ০৪, তারিখ-০৪/০৩/২০২১।

এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজল বলেন, আমরা কঠোর ভাবে মাদকের বিরুদ্ধে কাজ করে যাচ্ছি এবং দ্রুত দর্শনা মাদকমুক্ত করবো।

দর্শনার কেরুতে মুক্তিযোদ্ধা কোটা অনুযায়ী নিয়োগ দেওয়ার

দাবীতে মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরু এন্ড কোম্পানীতে মুক্তিযোদ্ধা কোটা অনুযায়ী নিয়োগ দেওয়ায় দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ করেছে মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধার সন্তানরা।
গতকাল বুধবার দুপুর ১২ টার দিকে দর্শনা কেরু এন্ড কোম্পানী জেনারেল অফিসের সামনে এই মানববন্ধন ও বিক্ষোভ অনুষ্ঠিত হয়। এ সময় বক্তারা বলেন, ২০১৯- ২০ মাড়াই মৌসুমের ২০০ লোক চুক্তিভিত্তিক নিয়োগের বিপরীত ৩০% মুক্তিযোদ্ধা কোটায় ৩৬ জনকে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়। এবছর তাদেরকে ওই পদে বহাল রাখার দাবি জানিয়েছেন তারা। দাবি না মানলে কঠোর কর্মসূচি দেবেন তারা।

দর্শনা সীমান্ত দিয়ে ভারতীয় নাগরিক ফেরত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা সীমান্ত দিয়ে এক বছর কারাভোগ শেষে শ্রী জতেনদার দাস (৪০) নামের ভারতীয় নাগরিককে ফেরত দিয়েছে বিজিবি । গতকাল মঙ্গলবার দুপুর ১ টার দিকে দামুড়হুদার দর্শনা সীমান্তে ৭৬ নম্বর মেইন পিলারের নিকট বিজিবি-বিএসএফ’র পতাকা বৈঠকের মাধ্যমে তাকে ফেরত দেয়া হয়। জতেনদার দাস ভারতের ভাগলপুর জেলার নদিপুর থানার শ্রী শীতারাম দাসের ছেলে। বিজিবি জানায়, গত এক বছর আগে নাটোর জেলার বাগাতিপাড়া উপজেলার সীমান্ত দিয়ে বাংলাদেশে অবৈধভাবে অনুপ্রবেশ করার দায়ে শ্রী জতেন দার দাসকে আটক করে নাটোর জেল হাজতে প্রেরণ করলে আদালত অবৈধভাবে অনুপ্রবেশের দায়ে তাকে এক বছরের কারাদণ্ড প্রদান করে । এক বছর কারাভোগ শেষে চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে বিজিবি-বিএসএফের পতাকা বৈঠকে মাধ্যমে তাকে ভারতে ফেরত দেয়া হয়েছে। পতাকা বৈঠকে নেতৃত্ব দেন চুয়াডাঙ্গা-৬ বিজিবি ভারপ্রাপ্ত অধিনায়ক মেজর নিস্তার আহমেদ ও ভারতীয় নদিয়া জেলার গেদে বিএসএফের কোম্পানি কমান্ডার শ্রী সন্দীপ কুমার । উপস্থিত ছিলেন মানব অধিকার কর্মী ভিশাল রঞ্জন দত্তসহ দু দেশের বিভিন্ন কর্মকর্তাগণ।

দর্শনা কেরু’র শ্রমিক-কর্মচারীর নির্বাচনে প্রতীক বরাদ্দ সম্পন্ন

কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়ন নির্বাচনে ঘোষিত তফসিল অনুযায়ী প্রার্থীদের মনোনয়নপত্র সংগ্রহ, জমা ও বাছাই পর্ব শেষ হয়েছে। প্রার্থীদর মধ্য বরাদ্দ দেওয়া হয়েছে প্রতীক। এবারর নির্বাচনে ১৩ পদের বিপরিতে ৩০ প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন।
বাছাই পর্বে কোন মনোনয়নপত্র বাতিল হয়নি। গতকাল সোমবার সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত প্রার্থীরা মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। বিকাল ৩ টার মধ্যে সকল প্রার্থী দাখিল করেছেন মনোনয়নপত্র। মনোনয়নপত্র ও প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে সন্ধ্যা ৬ টায়। রাত ৮ টা পর্যন্ত প্রার্থীতা প্রত্যাহারের শেষ সময় নিধারিত থাকলেও কেউ প্রার্থীতা প্রত্যাহার করেনি।
আজ মঙ্গলবার বিকাল ৩ টার দিক চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। ইতোমধ্যেই গত পরশু রাত ৮ টার দিকে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়। গতবারের ভোটারের তুলনায় এবার বেড়েছে ৮৭ জনের ভোট। এ নির্বাচনে সভাপতি পদে বর্তমান সভাপতি তয়ব আলী (চাঁদতারা) ও ফিরাজ আহমদ সবুজ (হারিকেন), সাধারণ সম্পাদক পদে বর্তমান সাধারণ সম্পাদক মাসুদুর রহমান (বাইসাইকেল) ও সাবক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স (ছাতা), সহ-সভাপতি পদে বর্তমান সহ-সভাপতি মাস্তাফিজুর রহমান (চেয়ার) সাবেক সহ-সভাপতি ফারুক আহমদ (মোরগ), এএসএম কবির (হাতপাখা) ও আবু সাঈদ হাসন (মাছ) সহ-সাধারণ সম্পাদক পদে বর্তমান সহ-সাধারণ সম্পাদক খবির উদ্দিন (কাপ-পিরিচ), ইসমাইল হাসন (তালা চাবী), একরামুল হক খলিল (ফুটবল) ও আকরাম আলী (কলস) প্রতীক পেয়েছেন।
তাছাড়া ৭ টি ওয়ার্ডের ৯ জন সদস্য পদের বিপরিতে ১৮ জন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। ১ নং ওয়ার্ডে সদস্য পদে সলিম খান (বালতি) ও সালাউদ্দিন শাহ সনেট (ডাব), ২নং ওয়ার্ডে সদস্য প্রার্থী বাবর আলী (বেলচা) ও আমিনুল ইসলাম (ডাব) ৩ নং ওয়ার্ডে সদস্য পদে শরিকুল ইসলাম (টর্চলাইট) ও শফিকুল ইসলাম (ডাব)। ৪ নং

ওয়ার্ডে সদস্য পদে ইয়ামিন হক (আখর আঁটি) ও মতিয়ার রহমান (ডাব), ৫ নং ওয়ার্ডে সদস্য পদে সাইফুদ্দীন (ডাব) হারিজুল ইসলাম (আখর আঁটি)। ৬ নং ওয়ার্ডে সদস্য পদে হাফিজুর রহমান (বেলচা), মজিবর রহমান (ডাব), নুরুল ইসলাম (আখের আটি) ও মাহন আলী (হাতুড়ি)। ৭ নং ওয়ার্ডে সদস্য পদে আজাদ আলী (হাঁতুড়ি), জহিরুল ইসলাম (আখের আটি), মফিজুর রহমান (বেলচা) ও ইদ্রিস আলী (কাঁঠাল) প্রতীকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।
এবারের নির্বাচন পরিচালনা কমিটির চয়ারম্যান হিসেব দায়িত্ব পালন করছেন কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (অর্থ) রাবিক হাসান, সদস্য সচিব মিলর, মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদা হাসান বাদশা, সদস্য উপ-ব্যবস্থাপক (পার্সনাল) আবদুল ফাত্তাহ, উপ-ব্যবস্থাপক (পরিঃ প্রকশলী) আবু সাঈদ ও জুনিয়র অফিসার (ভূমি) জহির উদ্দিন।

দর্শনায় ভ্রাম্যমাণ আদালতে ২ জনের জেল, ১ জনের নামে মামলা

দর্শনায় মাদকদ্রব্য অধিদপ্তরের মাদক বিরাধী অভিযান পরিচালিত হয়েছে।
এ অভিযানে গাঁজাসহ ৩ জনকে আটক করা হয়েছে। ২ জনকে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা ও ১ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। গতকাল বিকাল ৫ টার দিক দর্শনা দক্ষিণচাদপুর মাদকদ্রব্য নিয়ন্ত্র অধিদপ্তরের সদস্যরা অভিযান চালিয় গাঁজাসহ আটক করে রশিদ মিয়ার স্ত্রী আমেনা, আবুবক্করের ছেল তুহিন ও গাফফারেক। তুহিন ও আমেনাকে চুয়াডাঙ্গা নির্বাহী অফিসার সুরাইয়া মমতাজ ১ বছর ও ২ মাসর পথক কারাদণ্ডে দণ্ডিতসহ ৭ হাজার টাকা জরিমানা আদায় করেন। গাফফারের বিরুদ্ধে পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন বাদী হয় দর্শনা থানায় মামলা দায়ের করেছেন।